গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাজেট/প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতির আওতায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপন (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নের লক্ষ্যে "বাজেট ব্যবস্থাপনা কমিটি" এর সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মিজানুর রহমান
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সভার তারিখ : ১২/০১/২০২৬
সভার সময় : বেলা ০২.৩০ টা
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ ও জুম প্ল্যাটফর্ম

০২। সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা ''পরিশিষ্ট-ক''-তে সন্নিবেশিত হলো।

০৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপসচিব (বাজেট/প্রশাসন-২)-কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপসচিব (বাজেট/প্রশাসন-২) জানান, মধ্যমেয়াদী বাজেট কাঠামো পদ্ধতির আওতায় বাজেট পরিপত্র-২ অনুযায়ী অর্থ বিভাগ হতে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব প্রাপ্তি সিলিং নির্ধারণ করা হয়েছে ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপন এর সিলিং নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) বিষয়ে সিলিং নির্ধারণ করা হয়েছে ১৩৯৭,০০,০০,০০০.০০ (এক হাজার তিনশত সাতানব্বই কোটি) টাকা, তন্মধ্যে বৈদেশিক ঋণ/অনুদান ২০০,০০,০০,০০০.০০ (দুইশত কোটি) টাকা এবং ২০২৬-২৭ ও ২০২৭-২৮ অর্থবছরের বাজেট প্রক্ষেপন এর সিলিং নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ১৪৬৬,৪৮,০০,০০০.০০ (এক হাজার চারশত ছেষট্টি কোটি চল্লিশ লক্ষ) টাকা ও ১৫৩৯,৮১,০০,০০০.০০ (এক হাজার পাঁচশত উনচল্লিশ কোটি একাশি লক্ষ) টাকা। এ বিষয়ে তিনি আরো জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে এ মন্ত্রণালয়ের অনুকুলে মূল বরাদ্দ ছিল (পরিচালন ও উন্নয়ন) ১৩৬১,৮৬,৮০,০০০.০০(এক হাজার তিনশত একষট্টি কোটি ছিয়াশি লক্ষ আশি হাজার) টাকা।

০৪। উপসচিব (বাজেট/প্রশাসন-২) আরো জানান যে, অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ কর্তৃক গত ১৫/১২/২০২৫ তারিখে জারিকৃত বাজেট পরিপত্র-১ এ সকল দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আগামী ১৫ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে Ibas++ এ এন্ট্রিসহ অর্থবিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। গত ০৭/০১/২০২৬ তারিখ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভায় মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের বাজেটের ব্যয়সীমা (পরিচালন ও উন্নয়ন) নির্ধারণ করা হয়। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) নিম্নে উপস্থাপন করা হলো:

পরিচালন ও উন্নয়ন বাজেট

(অংকসমূহ হাজার টাকায়)

দপ্তর/সংস্থার নাম	মূল বাজেট ২০২৫-২৬	২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন	২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ	২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৩,৬৮,০০	১৪,৪৬,০০	১৪,১৯,৬০	১৪,৬৯,৬০
আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	১,৭০,০০	১,৮০,০০	১,৯৫,০০	২,১০,০০
পার্বত্য জেলাসমূহের পুনর্বাসন	৪৩৫,১০,৬৪	৪৪৬,৩৩,৪৬	৪৬৮,৬৪,৮৫	৪৯২,০৭,৭৭
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১৩,২৬,০০	১৩,৬০,২১	১৪,২৮,২২	১৪,৯৯,৬৪
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	৮,২৭,০০	১০,৩০,৫০	১০,৮৪,০০	৯,৩৫,২৯
ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স	১,৫৯,০০	১,৫৯,৬১	১,৬৯,৫৬	১,৭৭,০৪
পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র	১,১৩,০০	২,৮৮,৯১	৩,০৩,৩৬	৩,১৮,৫৩
পরিচালন বাজেট=	**৪৭৪,৭৩,৬৪**	**৪,৯০,৯৮,৪২**	**৫১৪,৬৪,৫৯**	**৫৩৮,১৭,৮৭**
উন্নয়ন বাজেট=	**৮৮৭,১২,০০**	**৯০০,০১,২৭**	**৯৪৫,১৪,৩৪**	**৯৯২,৯০,৬৬**
সর্বমোট বাজেট=	**১৩৬১,৮৫,৬৪**	**১৩৯০,৯৯,৬৯**	**১৪৫৯,৭৮,৯৩**	**১৫৩১,০৮,৫৩**

CamScanner

০৪। সভায় অর্থ বিভাগের বাজেট-১৮ শাখার উপসচিব জানান যে, সরকারের কৌশলগত লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন ও নিশ্চিতকরণ এবং সরকারি ব্যয়ের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি করার লক্ষ্যে মধ্যমেয়াদি বাজেট কাঠামো পদ্ধতিতে বাজেট প্রণয়ন করা হচ্ছে। এ প্রক্রিয়া তিনটি প্রধান পর্যায়ে বিভক্ত, যথা (১) কৌশলগত পর্যায়; (২) প্রাক্কলন পর্যায়; এবং (৩) বাজেট অনুমোদন পর্যায়। কৌশলগত পর্যায়ের প্রথম ধাপে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রাতিষ্ঠানকে বিদ্যমান মধ্যমেয়াদি বাজেট কাঠামো হালনাগাদ করতে হয়। বাজেট পরিপত্র-১ এ বিবৃত প্রক্রিয়া/পদ্ধতি অনুসরণের মাধ্যমে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং অন্যান্য প্রতিষ্ঠান তাদের বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদ করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করবে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো দুটি প্রধান ভাগে এবং ৬টি অংশে বিভক্ত। প্রথম ভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং দ্বিতীয় ভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা প্রস্তুত করবে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন/হালনাগাদ করার জন্য নির্ধারিত টেম্পলেট এবং নির্ধারিত ফর্ম ব্যবহার করতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ দারিদ্র্য ও নারী উন্নয়ন এবং গ্রীণ ক্লাইমেট ও জলবায়ু পরিবর্তনের প্রভাব সম্পর্কিত কার্যক্রমের প্রভাব বিশ্লেষণ ও প্রকল্প ব্যয়ের ব্যবহার নির্ণয়ের ক্ষেত্রে সংযোজনী-৫(ক) এর নির্দেশনা অনুসরণ করতে হবে। এছাড়া উপসচিব আরো জানান যে, মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত সিলিং এর মধ্যেই বাজেট প্রস্তুত করতে হবে। কোন ক্রমেই এ বাজেট বৃদ্ধি করা যাবে না। বাজেট পরিপত্র-১ এর সকল দিক-নির্দেশনা অনুসরণপূর্বক আগামী ১৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠানের বাজেট কাঠামো অর্থ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ এবং পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ ও সংশ্লিষ্ট সেক্টরে প্রেরণ করতে হবে।

০৫। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

i) অর্থ মন্ত্রণালয়ের সিলিং অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো: প্রস্তুতের জন্য ব্যয়সীমা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

ii)

রাজস্ব প্রাপ্তি

(অংকসমূহ হাজার টাকায়)

ক্রম	বিবরণ	২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন	২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ	২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ
	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	৪,০০,০০০	৫,০০,০০০	৫,০০,০০০

ii) অর্থ মন্ত্রণালয়ের সিলিং অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন ও ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের বাজেট প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) প্রস্তুতের জন্য ব্যয়সীমা নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো:

(ক) পরিচালন বাজেট

(অংকসমূহ হাজার টাকায়)

দপ্তর/সংস্থার নাম	মূল বাজেট ২০২৫-২৬	২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন	২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ	২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	১৩,৬৮,০০	১৬,৯১,০০	১৬,৭৭,৬০	১৭,৩৯,৬০
আন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা	১,৭০,০০	১,৮০,০০	১,৯৫,০০	২,১০,০০
পার্বত্য জেলাসমূহের পুনর্বাসন	৪৩৫,১০,৬৪	৪৪৬,৩৩,১৯	৪৬৮,৬৪,৮৫	৪৯২,০৭,৭৭
পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড	১৩,২৬,০০	১৫,১০,২১	১৫,৮৫,৭২	১৬,৬৫,০১
পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ	৮,২৭,০০	১০,৩০,৫০	১০,৮৪,০০	৯,৩৫,২৯
ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী বিষয়ক টাস্কফোর্স	১,৫৯,০০	১,৫৯,৬১	১,৬৯,৫৬	১,৭৭,০৪
পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র	১,১৩,০০	২,৮৮,৯১	৩,০৩,৩৬	৩,১৮,৫৩
পরিচালন বাজেট=	**৪৭৪,৭৩,৬৪**	**৪৯৪,৯৩,৪২**	**৫১৮,৮০,০৯**	**৫২৪,৫৩,২৪**

CamScanner

(খ) উন্নয়ন বাজেট

(অংকসমূহ হাজার টাকায়)

ক্রম	প্রকল্প /থোক বরাদ্দের নাম	আরএডিপি ২০২৫-২৬	২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন	২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ	২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ
০১	রাঙ্গামাটি পার্বত্য জেলার যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে প্রত্যন্ত এলাকায় সংযোগ সড়কসহ আর.সি.সি গার্ডার ব্রিজ নির্মাণ মেয়াদ: জুলাই ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৬	১৩,৬০,০০	১৩,১১,৯৪	০	০
০২	Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chattogram Hill Tracts (CRLIWM-CHT)' পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ পার্ট (জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০৩০)	৫৫,৬৭,০০	৮৫,৩৪,০০	৪৪,৩৬,১৪	৯০,৪৫,১৫
০৩	Climate Resilient Livelihood Improvement and Watershed Management in the Chattogram Hill Tracts (CRLIWM-CHT)' পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ পার্ট (জানুয়ারি ২০২৩ হতে ডিসেম্বর ২০৩০)	৯৪,৬৭,০০	৮৩,২২,০০	১৮৬,৯৪,০০	২০০,০০,০০
০৪	২২৪৩১০৪০০-পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন (জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর, ২০২৪) (প্রস্তাবিত ডিসেম্বর,২০২৫) (প্রাক্কলিত ব্যয়-৪২.৯২২৮ কোটি টাকা)	১,৯৫,০০	০	০	০
০৫	২২৪২৮৫৭০০-পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন নির্মাণ (বিশেষ সংশোধিত) (মার্চ ২০১৯ হতে জুন ২০২৬) (প্রাক্কলিত ব্যয়-২৭০.৩১৪৫ কোটি টাকা)	৫০,০০,০০	০	০	০
০৬	পার্বত্য চট্টগ্রামে টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প (২য় পর্যায়) (অক্টোবর, ২০২৩ -৩০ সেপ্টেম্বর, ২০২৯) (প্রাক্কলিত ব্যয়-৪০০.০০ কোটি টাকা)	৮২,৪১,০০	৯৩,৯৬,৩৮	৮৯,০৫,৬৪	৮২,৪৪,৭১
০৭	২২৪৪১৫৩০০-খাগড়াছড়ি জেলাস্থ মহালছড়ি উপজেলা সদর থেকে বাঘমারা পর্যন্ত এবং সড়ক ও জনপথ রাস্তা থেকে হেমরঞ্জন পাড়া পর্যন্ত ২টি সড়ক নির্মাণ (জুলাই, ২০২৪-জুন, ২০২৮) (প্রাক্কলিত ব্যয়-৪৯.৫৭৯৬ কোটি টাকা)	৫,০০	৯,২০,০০	৩৫,০২,৯৬	০

CamScanner

০৮	বান্দরবান জেলায় উপজেলাগুলোতে বিভিন্ন প্রযুক্তির মাধ্যমে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ (জানুয়ারি ২০২৪ - জুন ২০২৬) (প্রাক্কলিত ব্যয়-৪৫.১৬২০ কোটি টাকা)	৪৪,০৫,৭৯	০	০	০
০৯	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (২২১০০০৯০০)	৩৩০,০০,০০	৩৩০,০০,০০	৩০০,০০,০০	৩১০,০০,০০
১০	পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা	১০০,০০,০০	১০০,০০,০০	১০০,০০,০০	১০৫,০০,০০
১১	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড এর উন্নয়ন সহায়তা	১০০,০০,০০	১০০,০০,০০	১০০,০০,০০	১০৫,০০,০০
১২	অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ	০	৮৭,২২,২৬	৯২,২৯,১৭	১০৪,৩৭,১০
	সর্বমোট=	**৮৭২,৪০,৭৯**	**৯০২,০৬,৫৮**	**৯৪৭,৬৭,৯১**	**৯৯৭,২৭,৭৬**

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সর্বমোট বাজেট (ক)+(খ)

(অংকসমূহ হাজার টাকায়)

	২০২৬-২৭ অর্থবছরের প্রাক্কলন	**২০২৭-২৮ অর্থবছরের প্রক্ষেপণ**	**২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ**
মোট পরিচালন বাজেট=	**৪৯৪,৯৩,৪২**	**৫১৮,৮০,০৯**	**৫২৪,৫৩,২৪**
মোট উন্নয়ন বাজেট=	**৯০২,০৬,৫৮**	**৯৪৭,৬৭,৯১**	**৯৯৭,২৭,৭৬**
সর্বমোট (পরিচালন + উন্নয়ন) বাজেট	**১৩৯৭,০০,০০**	**১৪৬৬,৪৮,০০**	**১৫৩৯,৮১,০০**

iii) অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১ কর্তৃক গত ১৫/১২/২০২৫ তারিখে জারিকৃত বাজেট পরিপত্র-১ এ সকল দিক-নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ২০২৬-২৭ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২৭-২৮ ও ২০২৮-২৯ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) আগামী ১৫ জানুয়ারি, ২০২৬ তারিখের মধ্যে iBAS++ এ এন্ট্রিসহ অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে।

০৬। সভায় আর কোন আলোচ্য সূচী অবশিষ্ট না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩/০১/২০২৬
(মোহাম্মদ মিজানুর রহমান)
সচিব
ও
সভাপতি
''বাজেট ব্যবস্থাপনা কমিটি''
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নম্বর- ২৯.০০.০০০০.০০০.২১৮.২০.০০০৪.২৫-২৩

তারিখ : ১৩ জানুয়ারি, ২০২৬ খ্রি.

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
০৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
০৫। ভাইস চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি।
০৬। পরিচালক, পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলি রোড, ঢাকা।

CamScanner

০৭। উপসচিব (উন্নয়ন/পরিকল্পনা-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
০৯। উপসচিব (বাজেট-১৮), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১০। উপসচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১। নির্বাহী কর্মকর্তা, ভারত প্রত্যাগত উপজাতীয় শরণার্থী প্রত্যাবাসন ও পুনর্বাবসন এবং অভ্যন্তরীণ উদ্বাস্তু নির্দিষ্টকরণ ও পুনর্বাসন সম্পর্কিত টাস্কফোর্স, খাগড়াছড়ি।
১২। উপসচিব, সাধারণ অর্থনৈতিক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১৩। সিনিয়র সহকারী প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন শেরেবাংলা নগর, ঢাকা।
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোহাম্মদ নাহিদ ইসলাম)
উপসচিব

CamScanner